

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫১০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. তৃতীয় অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: خَرَجَ نَبِيُّ مِنَ الْأَنْبِيَاءِ بِالنَّاسِ يَسْتَسْقِي فَإِذا هُوَ بنملة رَافِعَة بعض قوائهما إِلَى السَّمَاءِ فَقَالَ: ارْجِعُوا فَقَدِ اسْتُجِيبَ لَكُمْ من أجل هَذِه النملة . رَوَاهُ الدَّارَقُطْنِي

বাংলা

১৫১০-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, নবীদের মধ্যে একজন নবী ইসতিসকার (সালাত) আদায়ের জন্য লোকজন নিয়ে বের হয়েছিলেন। হঠাৎ তিনি একটি পিপীলিকা দেখতে পেলেন। পিঁপড়াটি তাঁর দু'টি পা আকাশের দিকে উঠিয়ে রেখেছে। (অর্থাৎ পিপীলিকাটি বৃষ্টির জন্য দু'আ করছে)। এ দৃশ্য দেখে উক্ত নবী লোকদেরকে বললেন, তোমরা ফিরে চলো। এ পিঁপড়াটির দু'আর কারণে তোমাদের দু'আ কবূল হয়ে গেছে। (দারাকুত্বনী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: দারাকুত্বনী ১৭৯৭, য'ঈফ আল জামি' আস্ সগীর ২৮২৩। মুসতাদরাক লিল হাকিম ১২১৫। শায়খ আলবানী (রহঃ) বলেছেন, হাদীসের সানাদে মুহাম্মাদ ইবনু 'আওন রয়েছে যিনি আমার নিকট একজন অপরিচিত রাযী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে জানা যায় যে, আল্লাহর বড়ত্ব ও তাঁর ক্ষমতা এই তার অমুখাপেক্ষিতা। আরও জানা যায় যে, তাঁর মহানুভবতা, দয়া সকল সৃষ্টিজীবের ওপর এবং তাঁর জ্ঞান বিস্তৃত সকল অস্তিত্বের উপর। আর প্রাণী জগতরা তারাও আল্লাহর নিকট তাদের প্রয়োজন কামনা করে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন